
# মৎস্য বীজ উৎপাদন খামার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গার বার্ষিক প্রতিবেদন

**ভূমিকা:**

চুয়াডাঙ্গা জেলা শহর থেকে প্রায় ১০ কিলোমিটার পূর্বে চুয়াডাঙ্গা-ঝিনাইদহ মহা সড়কের দক্ষিণ পাশে মৎস্য বীজ উৎপাদন খামার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা অবস্থিত। ১৯৮১-৮২ সালে ১ম এডিবি প্রকল্পের অর্থায়নে খামারটিতে একটি মিডিয়াম হ্যাচারি প্রতিষ্ঠিত হয় এবং খামারের বিভিন্ন উন্নয়ন সাধন করা হয়। চুয়াডাঙ্গা জেলাসহ পাশ্ববর্তী এলাকার মাছ চাষিদের মাঝে চাষযোগ্য বিভিন্ন কার্প জাতীয় মাছের রেনু পোনা ও চারা পোনা সরবরাহের মাধ্যমে কেন্দ্রটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। খামারটির মোট আয়তন ৪.০৪ হেক্টর এবং পুকুর সংখ্যা ৮টি যার জলায়তন ১.৩৩ হেক্টর কিন্তু ৮ নং পুকুরটির গভীরতা কম এবং নিচে বালি মাটির মোটা স্তর থাকায় প্রচুর পানি সরবরাহ করেও মাছ চাষ করা সম্ভব হয় না। বর্তমানে ৭টি পুকুরে কার্যক্রম চালূ আছে যার আয়তন ০.৯৭ হেক্টর। ব্রুড ব্যাংক স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় খামারটিতে ২০০৮ সালে প্রাকৃতিক উৎসের রুই,কাতলা ও মৃগেল মাছের রেণুপোনা সরবরাহ করা হয় এবং উক্ত রেণু হতে উন্নত ব্রুড উৎপাদন সম্ভব হয়। ২০১০ সাল থেকে প্রাকৃতিক উৎসের কার্প ব্রুড হতে খামারের হ্যাচারিতে রেণু উৎপাদন শুরু করা হয়। ২০১৩ সালের জুন মাসে ব্রুড ব্যাংক প্রকল্প (২য় পর্যায়) এর মেয়াদ শেষ হয়। বর্তমানে খামারটিতে বিভিন্ন প্রজাতির কার্প জাতীয় মাছের রেণু পোনা, ধাণী পোনা, চারা পোনা ও কার্প ব্রুড উৎপাদন কার্যক্রম চলছে। বিগত ২০২২-২৩ উৎপাদন বছরে দেশীয় প্রজাতির ছোটমাছ পাবদার রেণু উৎপাদনের লক্ষ্য মাত্রা অর্জিত হয়েছে।

মৎস্য বীজ উৎপাদন খামার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গার স্কেচ ম্যাপ



## খামারের বিবরণ - এক নজরে

- খামারের নাম: মৎস্য বীজ উৎপাদন খামার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
- প্রতিষ্ঠাকাল: ১৯৬৪ খ্রি.
- খামারের আয়তন: ৪.০৪ হেক্টর।
- খামারের জলায়তন: ১.৩৩ হেক্টর।
- পুকুর সংখ্যা: ৮টি (চাষ উপযোগি পুকুর সংখ্যা ৫টি)।
- হ্যাচারিতে প্রথম কার্প রেণু উৎপাদন শুরু: ১৯৮১-১৯৮২ খ্রি.
- আবাসিক ভবন: ১টি (পরিত্যক্ত)।
- অফিস ভবন: ১টি।
- হ্যাচারি ভবন: ১টি।
- অভার হেড ট্যাংক: ১টি।
- সার্কুলার ট্যাংক: ৪টি (৩টি পরিত্যক্ত)।
- হ্যাচিং জার/বোতল: ১৫টি (৮টি ব্যবহার উপযোগি)।
- জিপ গাড়ি: ১টি (BRTA কর্তৃক অকেজো ও পরিত্যক্ত ঘোষিত)।
- মোটর সাইকেল: ২টি (১টি ব্যবহার উপযোগি)।
- গার্ড সেড: ১টি (পরিত্যক্ত)।
- গ্যারেজ: ১টি (পরিত্যক্ত)।
- নেট সেড: ১টি (পরিত্যক্ত)।
- পাম্প হাউজ: ১টি (সচল-মেরামত যোগ্য)।
- প্রশিক্ষণ হল রুম: ১টি (মেরামত যোগ্য)।
- গভীর নল কূপ: ১টি (৩০ HP শক্তির)।

❖ ডিজেল মেশিন: ২টি (সচল-মেরামত যোগ্য)।

## জনবল সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ

মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি/প্রশিক্ষণ কেন্দ্রের নাম: মৎস্য বীজ উৎপাদন খামার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

| ক্রমিক নং | পদবী | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদ সংখ্যা (জন) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | অনুমোদিত | কর্মরত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | খামার ব্যবস্থাপক | মোঃ আলাউদ্দীন | ১ | ১ | |
| ২ | হ্যাচারী সহকারী | | ১ | - | |
| ৩ | ভান্ডার রক্ষক | মোহাঃ মোকতার হোসেন | ১ | ১ | |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | | ১ | - | |
| ৫ | অফিস সহায়ক | মোঃ মফিজুর রহমান | ১ | ১ | প্রেষণে জেলা মৎস্য দপ্তর, মেহেরপুর। |
| ৬ | পাম্প অপারেটর | মোঃ শরিফুল ইসলাম দুদু | ১ | ১ | |
| ৭ | হ্যাচারী সহায়ক | | ১ | - | |
| ৮ | গাড়ি চালক | মোঃ ওমর আলী | ১ | ১ | প্রেষণে জেলা মৎস্য দপ্তর, চুয়াডাঙ্গা। |

## ব্রুডের বিবরণ

| ক্রমিক নং | প্রজাতি | উৎস | বয়স | কত বছর ধরে প্রজনন করা হচ্ছে। |
|---|---|---|---|---|
| ১ | রুই | প্রাকৃতিক উৎস | ১২ বছর | ১০ বছর |
| ২ | কাতলা | প্রাকৃতিক উৎস | ১২ বছর | ১০ বছর |
| ৩ | মৃগেল | প্রাকৃতিক উৎস | ১২ বছর | ১০ বছর |
| ৪ | সিলভার কার্প | স্থানীয় ভাবে সংগ্রহ | ৪ বছর | ৩ বছর |
| ৫ | পাবদা | স্থানীয় ভাবে সংগ্রহ | ২ বছর | ২ বছর |

## পুকুরের বিবরণ

| ক্রমিক নং | পুকুর নং | আয়তন (শতাংশ) | চাষের বিবরণ | মন্তর্ব্য |
|---|---|---|---|---|
| ১ | ১ | ৩৩ | কার্প ব্রুড সংরক্ষণ ও রেণু পোনা উৎপাদন | |
| ২ | ২ | ৩৩ | কার্প ব্রুড সংরক্ষণ ও রেণু পোনা উৎপাদন | |
| ৩ | ৩ | ৩৩ | কার্প ব্রুড সংরক্ষণ ও রেণু পোনা উৎপাদন | |
| ৪ | ৪ | ৫০ | মান সম্পন্ন কার্প জাতীয় পোনা উৎপাদন | |
| ৫ | ৫ | ৫০ | মান সম্পন্ন কার্প জাতীয় পোনা উৎপাদন | |
| ৬ | ৬ | ২০ | মান সম্পন্ন কার্প জাতীয় পোনা উৎপাদন | ৬ মাস পানি থাকে |
| ৭ | ৭ | ২০ | শিং ও পাবদা মাছের ব্রুড সংরক্ষণ এবং রেণু উৎপাদন | ৬ মাস পানি থাকে |
| ৮ | ৮ | ২০ | | চাষ অনুপযোগি/পরিত্যক্ত |

## উৎপাদনমূলক কার্যক্রম

(পোনা সংখ্যা-লক্ষ টি, রেণু-কেজি,মাছ-কেজি)

| ক্রমিক নং | কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|
| ১ | গুণগত মান সম্পন্ন কার্প জাতীয় রেণু পোনা উৎপাদন | ৮৮ কেজি | ৮৮ কেজি | ১০০% |
| ২ | গুণগত মান সম্পন্ন কার্প জাতীয় পোনা উৎপাদন (৯-১২ সে.মি.) | ১.১৮ লক্ষ | ১.১৯ লক্ষ | ১০০.১% |
| ৩ | শিং মাছের পোনা উৎপাদন (৪-৬ সে. মি.) | ০.০৫ লক্ষ | ০.০৫ লক্ষ | ১০০% |
| ৫ | গুণগত মান সম্পন্ন পাবদা মাছের রেণু উৎপাদন | ৫ কেজি | ৫ কেজি | ১০০% |
| ৬ | শাক-সবজি ও বিবিধ আয় | ০.১২লক্ষ | ০.১২লক্ষ | ১০০% |
| ৭ | অবশিষ্ট পোনা | ০.০১৫ লক্ষ | ০.০১৫ লক্ষ | ১০০% |
| সর্বমোট ব্যয় | | ৩.১১৪ লক্ষ | ৩.১১৪ লক্ষ | ১০০% |
| সর্বমোট আয় | | ৪.৯৬৯ লক্ষ | ৪.৯৯৪ লক্ষ | ১০০.৫% |

## সম্প্রসারণমূলক কার্যক্রম

### ক) প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের মেয়াদ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | কার্প জাতীয় মাছের নার্সারি ব্যবস্থাপনা। | ১দিন | ২০ | ০ | ২০ | ১টি প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে। |
| | | | | | | |

### খ) পরামর্শ প্রদান ও সভা

| ক্রমিক নং | অফিসে পরামর্শ প্রদান (জন) | মাঠে পরামর্শ প্রদান (জন) | মোবাইলে পরামর্শ প্রদান (জন) | পানি পরিক্ষা (টি) | সভা/সেমিনার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১৫০ | ১০০ | ১২৫ | ৭ টি | ১ টি | |
| | | | | | | |

## উদ্ভাবনী কার্যক্রমের বিবরণ

| ক্রমিক নং | উদ্ভাবনী কার্যক্রমের নাম | বিবরণ | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | খামারের পতিত জঙ্গল ও অনাবাদি এলাকা মৎস্য খাদ্য উৎপাদনে সম্পৃক্ত করা। | ভূট্টা শষ্য উৎপাদনের মাধ্যমে কার্যক্রম শুরু। | ৫০% | কার্যক্রম চলমান |

(মোঃ আলাউদ্দীন)
খামার ব্যবস্থাপক
মৎস্য বীজ উৎপাদন খামার
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
fmchuadanga@fisheries.gov.bd